

Times Today BD

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 22 May, 2025

বাংলাদেশের অন্যতম বড় উৎসব ঈদুল আযহাকে সামনে রেখে দেশজুড়ে শুরু হয়েছে ঘরমুখো মানুষের বাড়ি ফেরার প্রস্তুতি। প্রতিবছরের মতো এবারো লাখো মানুষ প্রিয়জনের সঙ্গে ঈদ উদযাপন এবং কুরবানি পালনের উদ্দেশ্যে রাজধানী ঢাকা থেকে নিজ নিজ জেলা শহর ও গ্রামে ফিরবেন। আর সেই যাত্রা নির্বিঘ্ন করতে অনলাইনে শুরু হয়েছে অগ্রিম বাসটিকেট বিক্রি। বর্তমানে গ্রাহকদের অনেকেই দীর্ঘ লাইনের ভোগান্তি এড়াতে □□□□□□□□□□.□□□□ এর মতো অন্যান্য অনলাইন টিকিটিং প্ল্যাটফর্মের সাহায্য নিচ্ছেন।

এসব প্ল্যাটফর্ম থেকে দেশের প্রায় সব লং রুটের বাস টিকেট আগেভাগেই কেটে ফেলা যাচ্ছে। গ্রাহকরা পছন্দমতো সিট বাছাইয়ের পাশাপাশি পাচ্ছেন তাত্ক্ষণিক টিকেট কনফারমেশন ও ২৪/৭ কাস্টমার সাপোর্টের সুবিধা, এছাড়াও প্ল্যাটফর্মগুলোর পক্ষ থেকেও বিভিন্ন সুবিধা চালু রাখা হয়েছে। কিছু কিছু রুটে স্পেশাল ঈদ সার্ভিসের জন্য আলাদা বাস সংযুক্ত করা হয়েছে, যা যাত্রাকে করবে আরও স্বাচ্ছন্দ্যময় ও নিরাপদ।

অনলাইন এক্সপার্টদের মতে, অনলাইন টিকেট বুকিংয়ের প্রতি মানুষের আগ্রহ দিন দিন বাড়ছে, যার ফলে বাস কাউন্টারগুলোর চাপ অনেকটাই কমছে। এতে করে টিকেটের কালোবাজারিও রোধ করা সম্ভব হচ্ছে।

মোহাম্মদ সোহেল, একজন প্রবাসফেরত গ্রাহক, যিনি এবার পরিবার নিয়ে রাজশাহী যাবেন, তিনি আমাদের জানান, “আগে ঈদের সময় টিকেট কাটার জন্য রাস্তায় রাস্তায় ঘুরতে হতো,

আর লাইনেও দাঁড়াতে হতো ঘণ্টার পর ঘণ্টা। কিন্তু এখন □□□□□□□□□□ থেকে টিকিট কনফার্ম করতে পেরেছি খুবই কম সময়ে। এছাড়া সাথে দিতে হয়নি কোনো এক্সট্রা চার্জ। পরিবারের সঙ্গে নিশ্চিন্তে ঈদ করার আনন্দটাই আলাদা।”

তবে গ্রাহকদের পরামর্শ দেওয়া হচ্ছে, তারা যেন নির্ভরযোগ্য প্ল্যাটফর্ম থেকে নির্দিষ্ট সময়ের আগেই টিকিট কেটে নেয়, কারণ ঈদের কয়েক দিন আগেই বেশিরভাগ রুটের টিকিট শেষ হয়ে যায়।

ঈদুল আজহা ঢাকা সিটি রাজধানীর খবর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 09:50

URL: <https://www.timestodaybd.com/economy/2681752805>